গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১০৬.০৩.২০১৭ (অংশ-২)- তারিখ: ০৭-০৪-২০২১ খ্রি.

বিষয় : **সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহন সংক্রান্ত ৩য় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : মো: আলী নূর<br>সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |
| সভার স্থান | : ভার্চুয়াল (জুম অ্যাপস) |
| তারিখ | : ২৯.০৩.২০২১ খ্রি: |
| সময় | : সকাল : ১০.৩০ ঘটিকা |

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব এবং সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্ম-সচিব (প্রশাসন)ও জাতীয় শুদ্ধাচার কৌশল ফোকাল পয়েন্ট সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি বিভাগীয় পর্যায়ে এবং জেলা পর্যায়ের কর্মকর্তাগণের আওতাধীন দপ্তরসমূহের পরিদর্শন সংখ্যা বৃদ্ধি করার জন্য অনুরোধ করেন। এছাড়া পরিদর্শনকারী কর্মকর্তা কর্তৃক প্রস্তুতকৃত পরিদর্শনকৃত প্রতিবেদন এর মানোন্নয়ন প্রয়োজন বলে তিনি সভাকে অবহিত করেন। এরপর যুগ্ম-সচিব (প্রশাসন) জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ১৩টি বিষয় ইনডিকেটরসহ সভায় উপস্থাপন করেন। সভায় অংশগ্রহনকারী সদস্যগন নিম্নবর্ণিত বিষয়সমুহে বিস্তারিত আলোচনায় অংশগ্রহন করেন।

০২। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত জনগনের দোরগোড়ায় সেবা পৌঁছানোই হল সরকারী কর্মকর্তা ও কর্মচারীগণের মূখ্য উদ্দেশ্য বলে সভাপতি সভায় আলোকপাত করেন। জনগন কিভাবে সেবা গ্রহণ করছে অর্থ্যাৎ সেবা সন্তোষজনক না অসন্তোষজনক তার উপর নির্ভর করছে মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণ এর সফলতা ও ব্যর্থতা। এছাড়া, এপিএ (বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন) এর সফল বাস্তবায়ন নির্ভর করছে মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণ এর সেবা প্রদানে কার্যকারিতার উপর। মাঠ পর্যায়ে সেবা প্রদানে কি কি সমস্যা রয়েছে এ বিষয়ে তিনি আলোকপাত করেন। এরপর অতিরিক্ত সচিব (জনসংখ্যা, প;ক: ও আইন) জেলা পর্যায়ের FWV-দের মনিটরিং ও সুপারভিশন সংক্রান্ত কার্যক্রম সংক্রান্ত কোন প্রতিবেদন এখনও পর্যন্ত মন্ত্রণালয়ে পাওয়া যায়নি বলে সভাকে অবহিত করেন এবং তিনি পরিদর্শন সংখ্যা বৃদ্ধি করার কথাও উল্লেখ করেন।

০৩। এ পর্যায়ে বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বলেন, বর্তমানে মাতৃমৃত্যু ও শিশুমৃত্যুর হার অনেক কমেছে। জনবল ও অবকাঠামোতে কি নাই তার চেয়ে গুরুত্বপূর্ণ হল যা আছে তার সর্বোত্তম ব্যবহার করা। FWC-তে যারা সেবা প্রদান করে তারা অনেক ক্ষেত্রে সঠিকভাবে সেবা প্রদান করে না বলে তিনি উল্লেখ করেন। প্রশিক্ষণ এবং মাইন্ডসেট এর অভাব আছে বলেও তিনি সভায় উল্লেখ করেন। তার বিভাগে এনেসথেটিক ও সার্জন এর সংকট রয়েছে বলেও তিনি উল্লেখ করেন।

০৪। এ পর্যায়ে বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বলেন, FWC এর ক্ষেত্রে যেখানে সেবা গ্রহীতা বেশী সেখানে অগ্রাধিকার ভিত্তিতে ভবন নির্মান করা প্রয়োজন। উদাহরনস্বরুপ, তেতুলঝড়া FWC এর নিজস্ব ভবন নেই কিন্তু সেবা গ্রহীতা প্রচুর। অন্যদিকে, আড়াইহাজার উপজেলার 'দুপতরা' FWC এর নুতন ভবন আছে কিন্তু সেবা গ্রহীতা কম। FWC গুলোতে প্রসূতিসেবা প্রদানে অনেকক্ষেত্রে FWA গন গর্ভবতী মহিলাদের ডেলিভারী করানোর জন্য বেসরকারী ক্লিনিক এ পাঠানোর অভিযোগ রয়েছে। MCWC ও FWC গুলোতে একটি টেমপ্লেট তৈরী করতে হবে যেখানে work statement থাকবে প্রতি ইউনিট ওয়ারী যাতে তদারকী কার্যক্রম শক্তিশালী করা যাবে। FWV ও FWA গণ এর পদায়নের ক্ষেত্রে অপেক্ষাকৃত অধিক গুরত্বপূর্ণ জায়গায় পদায়ন করতে হবে। এছাড়াও বিভাগীয় অফিসে উপ-পরিচালক ও সহকারী পরিচালক এর পদ সৃজন এর বিষয়ে গুরুতারোপ করা হয়।

০৫। এ পর্যায়ে বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, ময়মনসিংহ বলেন, ময়মনসিংহ বিভাগের প্রতিটি পরিবার পরিকল্পনা অফিসে সিটিজেন চার্টার দৃশ্যমান জায়গায় রয়েছে। সরাসরি জনগন এর অভাব অভিযোগ বিভাগীয় কার্যালয়ে গ্রহণ না করলেও অন্তত: মাসে একবার অভিযোগ এর গণশুনানি উপজেলা পরিবার পরকিল্পনা অফিসে আয়োজন করা প্রয়োজন। সাধারণ সেবা সীমিত আকারে FWC-তে চালু করা যেতে পারে।

০৬। বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট বলেন, নিরবচ্ছিন্ন সেবা প্রদান এর জন্য FWV গণ এর প্রশিক্ষণ করা প্রয়োজন। শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ এর ক্ষেত্রে FWA এবং FWV সহ ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান এবং ইউপি সদস্যগণকে সম্পৃক্ত করতে হবে। ইউনিয়ন পরিষদ এর ৯টি ওয়ার্ডের প্রত্যেকটিতে ১জন করে FWA নিয়োগ প্রদান করার বিষয়ে আলোকপাত করেন।

০৭। বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, খুলনা বলেন, উপকূলীয় জেলার (সাতক্ষীরা, বাগেরহাট ও খুলনা) প্রত্যন্ত উপজেলায় পদায়নকৃত কর্মকর্তাগণ সেখান হতে অন্যত্র বদলী হয়ে যান সে কারনে সেবা প্রদান কার্যক্রম বাধাগ্রস্থ হয়ে থাকে বলে তিনি উল্লেখ করেন। এছাড়া তিনি মনিটরিং কার্যক্রমকে শক্তিশালী করতে হবে বলে তিনি সভায় জানান।

০৮। বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট বলেন, Home visit এর ক্ষেত্রে এনজিও গুলোর সহযোগিতায় পরিবার পরিকল্পনা কার্যক্রমকে বেগবান করা যেতে পারে। FWV পদে অন্তত: ২ জন একই কর্মস্থলে পদায়ন করা হলে ২৪ ঘন্টা নিরবচ্ছিন্ন সেবা প্রদান করা যাবে যাবে তিনি উল্লেখ করেন।

০৯। বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, রংপুর বলেন, রংপুর বিভাগের বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। শিশু বিবাহ প্রতিরোধে কার্যকর উদ্যোগ গ্রহন প্রয়োজন বলে উল্লেখ করেন। রংপুর বিভাগে জনবলের ঘাটতি রয়েছে বলে তিনি উল্লেখ করেন। MCWC তে মাত্র একজন মেডিকেল অফিসার থাকায় সেবা প্রদান ব্যহত হচ্ছে বলে তিনি জানান। এছাড়াও MCWC-গুলোতে Lab facilities ও Blood transmission Facilities নেই বলে তিনি সভাকে অবহিত করেন।

১০। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, মৌলভীবাজার বলেন, মাতৃ ও শিশু মৃত্যুর হার কমানোর লক্ষ্যে মৌলভীবাজার জেলায় চা বাগানের জমিতে একটি নতুন FWC নির্মান করা যেতে পারে Data Validation এবং Progressiveness এর feedback জেলা পর্যায় থেকে প্রয়োজন বলে তিনি আলোকপাত করেন। বর্তমান জনবলের সর্বোচ্চ সেবা কার্যক্রম নিশ্চিতকরন করার উপর তিনি গুরুত্বারোপ করেন। এ সংক্রান্ত একটি অ্যাপস্ শীঘ্রই পরীক্ষামূলকভাবে চালু করা হবে বলে তিনি জানান।

১১। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী বলেন, এটি একটি প্রত্যন্ত জেলা। যেখানে জনবলের সংকট রয়েছে। কিছু প্রভাবশালী FWV রয়েছে যাদের বিরুদ্ধে অভিযোগ রয়েছে কিন্তু ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হচ্ছে না। কলাপাড়া FWC-তে অত্যাধুনিক ভবন থাকা সত্ত্বেও এখানে SACMO পদায়ন করা হলেও অন্যত্র বদলী হয়ে যায়।

১২। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, সাতক্ষীরা বলেন, FWC-তে ঔষধের ধরন পাল্টাতে হবে। স্যালাইন এবং ডায়াবেটিস ও ব্লাড প্রেসার এর ঔষধ নেই। তার জেলায় ডায়াবেটিস মেশিন ও আসবাবপত্র প্রয়োজন। বিভিন্ন পদ্ধতিভিত্তিক ওয়ার্কসপ ও প্রশিক্ষণ হওয়া প্রয়োজন বলে তিনি সভায় জানান। মেডিকেল অফিসারদের জন্য মোটর সাইকেল ও গাড়ীর ব্যবস্থা করা প্রয়োজন বলে তিনি জানান।

১৩। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, নওগাঁ বলেন, পৌরসভা ও সিটি কর্পোরেশনগুলোতে কোন FWA নেই। প্রতিটি জেলা সদরে MCWC প্রয়োজন। কমিউনিটি ক্লিনিকগুলোতে EPI কর্মসূচি সংক্রান্ত বিষয়ে ৩দিন/২দিন ব্যাপী প্রশিক্ষণ এর ব্যবস্থা করা প্রয়োজন। এ বিষয়ে সেবা প্রদানকারীগণকে সম্পৃক্ত করা যেতে পারে বলে তিনি উল্লেখ করেন। মেরামত কার্যক্রম পর্যবেক্ষণ এবং সেবা প্রদান কার্যক্রমে জনপ্রতিনিধিগণ এর অংশীদারিত্ব নিশ্চিত করার কথা বলেন।

১৪। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজবাড়ী বলেন, FWC-তে আয়া ও অফিস সহায়কগণ এর আবাসনের ব্যবস্থা করার Apps এর মাধ্যমে অনলাইনে সেবা গ্রহীতাদের নিবন্ধন করতে হবে বলে তিনি সভায় জানান। Biometric Attendance নিশ্চিত করা প্রয়োজন বলে তিনি জানান। তিনি দপ্তরকে সিসি ক্যামেরার আওতায় আনতে হবে বলে জানান। তার জেলার মাতৃসদন জরাজীর্ণ হয়ে গেছে বিধায় বহুতল ভবন নির্মাণ করা যেতে পারে বলে জানান। একটি ডেলিভারী ভ্যান থাকা প্রয়োজন বলে তিনি সভায় উল্লেখ করেন।

১৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দুমকী, পটুয়াখালী বলেন, FWCগুলো পূর্নমাত্রায় কার্যকর করা প্রয়োজন। প্রসবপূর্ব ও প্রসব পরবর্তী করণীয় বিষয়ক পরামর্শ প্রদান কার্যক্রমে মা ও কিশোরীদের সম্পৃক্তকরণ প্রয়োজন বলে তিনি সভায় উল্লেখ করেন। এছাড়াও FWV গণ নৈশ প্রহরী না থাকার কারণে নিরাপত্তাহীনতায় ভুগে থাকেন বলে তিনি জানান।

১৬। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মির্জাগঞ্জ, পটুয়াখালী বলেন, FWC গুলোর কোয়ার্টার সংস্কার কার্যক্রম জরুরী প্রয়োজন এবং দ্রুত জনবল নিয়োগ করা প্রয়োজন।

১৭। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, নেত্রকোনা বলেন, ১২টি FWC তে ৬জন SACMO সেবা প্রদান করেন। যাদের মধ্যে অনেকেই কর্মস্থলে অবস্থান করেন না।

১৮। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোনা বলেন, মোহনগঞ্জ উপজেলায় FWV অপ্রতুল। ২ জনকে জরুরীভিত্তিতে পদায়ন করা প্রয়োজন। SACMO পদে কেউ না থাকায় সেবা প্রদান কার্যক্রম বন্ধ হয়ে যাওয়ার উপক্রম বলে তিনি জানান। জরুরীভিত্তিতে SACMO পদায়ন করার কথা বলেন।

১৯। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, রংপুর বলেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর আশেপাশে FWC ২৪/৭ খোলা রাখার দরকার নেই। ১জন visitor কে দিয়ে সবগুলো ইউনিটকে সুসজ্জিত করা প্রয়োজন। তার উপজেলায় ১০ (দশ) শয্যার হাসপাতালে কোন নিয়োগ হয়নি বলে তিনি জানান।

**২০। বিস্তারিত আলোচনার শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

(ক) দাপ্তরিক ওয়েবসাইটে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, অভিযোগ বাক্স, অভিযোগ আপীলকারী কর্মকর্তা, সিটিজেন চার্টার ইত্যাদি হালনাগাদকরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
(খ) FWC-তে যারা সেবা প্রদান করেন তাদের সঠিকভাবে সেবা প্রদানের বিষয়টি মনিটরিং করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
(গ) মেডিকেল অফিসার এর যে সংকট রয়েছে তা দ্রুত সমাধানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
(ঘ) FWV ও FWAগণ এর পদায়নের ক্ষেত্রে অপেক্ষাকৃত অধিক গুরত্বপূর্ণ জায়গায় পদায়নের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
(ঙ) বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়সমুহে উপ-পরিচালক ও সহকারী পরিচালক এর পদ সৃজন এর বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
(চ) মনিটরিং কার্যক্রমকে আরো শক্তিশালী করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
(ছ) ইউনিয়ন পরিষদ এর ৯টি ওয়ার্ডের প্রত্যেকটিতে ১জন করে FWA নিয়োগ প্রদান করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
(জ) Home visit এর ক্ষেত্রে এনজিও গুলোর সহযোগিতায় পরিবার পরিকল্পনা কার্যক্রমকে আরো বেশী বেগবান করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
(ঝ) যেখানে জনবলের ঘাটতি রয়েছে সখানে জরুরী ভিত্তিতে জনবল নিয়োগের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
(ঞ) FWC তে কর্মরত SECMO ও FWV এর কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(ট) FWC এর কোয়ার্টার সমুহ দ্রুত সংস্কারের উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২১। অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/৯/২১

(মো: আলী নূর)
সচিব
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ